

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৮৪(আগরতলা-০৬।০৩)

মোহনপুর, ০৬ মার্চ, ২০১৯

### মোহনপুরে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাস সংযোগ প্রদান

মহিলাদের রান্না করতে গিয়ে যে সমস্যার মুখোমুখি হতে হয় তা উপলব্ধি করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাদের নানাবিধ সমস্যা থেকে মুক্তি দেওয়ার জন্য প্রধানমন্ত্রী উজ্জ্বলা গ্যাস যোজনা চালু করা হয়েছে। আজ মোহনপুর ব্লক প্রাঙ্গণে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় গ্যাস বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, এই প্রকল্পে সারা দেশেই মহিলাদের বিনামূল্যে গ্যাসের সংযোগ দেওয়া হচ্ছে। রাজ্যেও এই প্রকল্প যথাযথভাবে রূপায়িত হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন মতিলাল দাস বলেন, কেন্দ্রীয় সরকার একের পর এক নতুন প্রকল্প চালু করে দেশের সব অংশের মানুষের উন্নয়নে সহায়ক ভূমিকা নিচ্ছে। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন মোহনপুরের বিডিও শুভব্রত ভট্টাচার্য, সমাজসেবী জয়নাল দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান। এছাড়া উপস্থিত ছিলেন মোহনপুর পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন, মোহনপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নেপাল চক্রবর্তী, সমাজসেবী শ্যামল দেবনাথ, তপন দত্ত প্রমুখ। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ও অন্যান্য অতিথিগণ আনুষ্ঠানিকভাবে গ্রাহকদের হাতে বিনামূল্যে নতুন গ্যাসের সংযোগ তুলে দেন। কামালঘাট গ্রামীণ গ্যাস বিতরকের পক্ষ থেকে আজ ১০০ জনের হাতে বিনামূল্যে গ্যাস সংযোগ তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*